দৈনিক বাংলা

তারিখ ... 21.10.84 ...
পৃষ্ঠা ... 5 ... কলাম ... | ...

094

# গ্রেডেশন সিনিয়রিটি প্রমোশন

গ্রেডেশন, সিনিয়রিটি, প্রমোশন, ফিটমেন্ট ইত্যাদি শব্দ চাকরিজীবী মানুষের কাছে যেমন পরিচিত তেমনি মাথাব্যথারও উপলক্ষ। সরকারী-বেসরকারী প্রায় সকল অফিসেই উল্লিখিত ব্যাপারগুলি নিয়ে কখনও চাপা, কখনও বা প্রকাশ্য তুলকালাম কান্ড ঘটে। বাইরে থেকে দেখলে পদমর্যাদা বা প্রতিষ্ঠা নিয়ে চুলচেরা কাড়াকাড়ি হাস্যকর মনে হতে পারে কিন্তু চাকরির ক্ষেত্রে এগুলি উপেক্ষা করার মত ব্যাপারও নয়।

আগেই বলেছি, গ্রেডেশন, সিনিয়রিটি, প্রমোশন ইত্যাদি নিয়ে অভিযোগ রিপ্রেজেনটেশন এমনকি ক্ষোভ অপরিচিত কোন ঘটনা নয়। সম্প্রতি টি এ্যান্ড টি ইঞ্জিনীয়ারদের গ্রেডেশন তালিকা সংক্রান্ত সমস্যার একটি খবর আমাদের চোখে পড়ল। খবরে বলা হয়েছে, বিসিএস টেলিকম ইঞ্জিনীয়ারদের গ্রেডেশন তালিকা একবার চূড়ান্ত করে ফেলা হয়েছিল কিন্তু বাস্তবায়নের পর্যায়ে তা আবার পরিবর্তনের প্রস্তাব দেয়া হয়েছে। প্রমোটি ইঞ্জিনীয়ারদের বক্তব্য হচ্ছে নতুন প্রস্তাব কার্যকর হলে তাদের বহুজনের সিনিয়রিটি ও পদমর্যাদা ক্ষুণ্ন হবে। তারা ১৯৮৩ সালের চূড়ান্ত গ্রেডেশন তালিকা বাস্তবায়নের আহবান জানিয়েছেন।

এর বিপরীত বক্তব্য থাকা খুবই সম্ভব। সরকারের কাছে সম্ভবত তা আছেও। কেননা, চাকরির ক্ষেত্রে ব্যাপক পুনর্বিন্যাসের সময় একেবারে দুই-য়ে দুই-য়ে চারের মত করে নির্ভুল হিসাব মিলিয়ে দিয়ে সবাইকে সমান খুশী করা সম্ভব নয়। সকল অফিসেই এ ধরনের সমস্যা আছে। তবে কাজের স্বার্থেই সমস্যাগুলির একটা সন্তোষজনক মীমাংসা হওয়া কাম্য। এই আলোকে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বিসিএস টেলিকম ইঞ্জিনীয়ারদের বক্তব্যও বিচার বিশ্লেষণ করে একটা সুমীমাংসায় উপনীত হবেন এ আশা নিশ্চয়ই পোষণ করা যেতে পারে।

গ্রেডেশন, প্রমোশন, সিনিয়রিটি ইত্যাদি ব্যাপারগুলি খুবই স্পর্শকাতর। সকল চাকরির ক্ষেত্রেই সমস্যাগুলি আছে। এবং সকল চাকরির ক্ষেত্রেই সন্তোষজনক ভিত্তিতে এর মীমাংসাও খুঁজে বার করা সম্ভব।